

WE ARE YOUR DOL



Department
of Labor



নিউ ইয়র্ক স্টেট জব ব্যাঙ্ক ব্যবসার জন্য একটি সংস্থান

নিউ ইয়র্ক স্টেট জব ব্যাঙ্ক কী?

নিউ ইয়র্ক স্টেট জব ব্যাঙ্ক শ্রম বিভাগের চাকরির পোস্টিং এবং চাকরি প্রার্থীদের জীবনবৃত্তান্তের প্রধান উৎস। এখানে বিভিন্ন ধরণের ইন্ডাস্ট্রি থেকে 130,000 এর বেশি চাকরির তালিকা রয়েছে।

আমি আমার চাকরি কেন পোস্ট করবো?

NYS জব ব্যাঙ্কে আপনার কর্মখালি পোস্ট করলে এই সুবিধাগুলি পাবেন:

- আপনার কর্মখালির ব্যাপারে আরো আগ্রহ
- সম্ভাব্য নিয়োগের আরও বেশি "উপযুক্ত"
- হাজার হাজার চাকরি প্রার্থীর জীবনবৃত্তান্তের খোঁজ করার সক্ষমতা

কীভাবে চাকরি পোস্ট করবো?

নিউ ইয়র্ক স্টেট জব ব্যাঙ্কে আপনি আপনার কর্মখালি পোস্ট করার এই বিকল্পগুলি পাবেন:

ইনডেক্স করা

এই নিঃশুল্ক বৈশিষ্ট্যের সাহায্যে আপনার কর্পোরেট ওয়েবসাইটে পোস্ট করা চাকরি প্রতিদিন স্বয়ংক্রিয়ভাবে NYS জব ব্যাঙ্কে আপলোড হয়ে যাবে। আপনি শুধু আপনার নিজের সাইটে চাকরির পোস্টিং যোগ করুন, বদলে দিন বা বন্ধ করে দিন - প্রতি রাতে জব ব্যাঙ্কে সেই তথ্য আপডেট করা হবে। সাইন আপ করতে, কেবল NYS জব ব্যাঙ্ক ওয়েবসাইট myjobs.ny.gov-এ একটি ইন্ডেক্সিং এর অনুরোধ সম্পূর্ণ করুন।

নিজে পোস্ট করা

NYS জব ব্যাঙ্কে একটা অ্যাকাউন্ট খুলে আপনার চাকরির ক্রম পোস্ট করে দিন। এই নিঃশুল্ক পরিষেবার সাহায্যে আপনি সমস্ত নিয়োগ প্রক্রিয়া জুড়ে আপনার চাকরির ক্রম নিজে নিয়ন্ত্রণ করতে পারবেন। এখনই এখানে রেজিস্টার করুন myjobs.ny.gov।

কর্মীদের সাহায্যে পোস্ট করা

শ্রম বিভাগে ইমেল, ফ্যাক্স বা ফোন করে আপনার ক্রম জানিয়ে দিলে কর্মীরা আপনার পক্ষ থেকে তথ্য পোস্ট করে দেবেন।

আপনার চাকরির ক্রম পোস্ট করতে গিয়ে আপনার কোনো সমস্যা হলে বা আরো সাহায্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে শ্রম বিভাগের কাছে nysjobbank@labor.ny.gov এ ইমেল পাঠান বা 1-888-4-NYSDOL নম্বরে ফোন করুন।

জবস এক্সপ্রেস

আমরা একটি নতুন সাধনীও পেশ করছি, জবস এক্সপ্রেস - jobs.ny.gov - যা অঞ্চল অনুযায়ী NYS জব ব্যাঙ্কে তালিকাভুক্ত চাকরিগুলি সাজিয়ে দেয়। যেসব ব্যবসা প্রতিষ্ঠান একাধিক জায়গায় ছড়িয়ে ছিটিয়ে আছে সেইগুলির জন্য এটা বিশেষ উপযোগী এবং এর সাহায্যে আপনি অন্যান্য চাকরির বাজারেও যোগাযোগ প্রসারিত করতে পারবেন।

দক্ষতা মেলানো ও রেফারেল প্রযুক্তি - NY ট্যালেন্ট

NY ট্যালেন্ট এমন একটি সাধনী যা ব্যবসাগুলিকে তাদের কর্মখালির জন্য সবচেয়ে যোগ্য প্রার্থীদের খুঁজতে সাহায্য করে। এটিতে রয়েছে চাকরির ক্রমের সাধনী এবং জীবনবৃত্তান্ত অনুসন্ধান করার সক্ষমতা। এই সিস্টেমটি কী-ওয়ার্ড মেলানোর বদলে দক্ষতা মেলানো ব্যবহার করে চাকরির ক্রম ও জীবনবৃত্তান্ত বিশ্লেষণে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি প্রয়োগ করে।

যোগাযোগ

আমাদের ব্যবসায়িক পরিষেবার কর্মীরা এইসব সাধনীর বিষয়ে আপনার প্রশ্নের উত্তর দিতে পারবেন এবং আপনার সবরকম নিয়মের চাহিদায় সাহায্য করতে পারবেন। আমাদের কোনো কর্মী সদস্যের কাছে পৌঁছতে অথবা আপনার কাছাকাছির কোনো দপ্তর খুঁজতে এখানে আমাদের ওয়েবসাইট দেখুন www.labor.ny.gov অথবা ফোন করুন 1-888-469-7365 নম্বরে।